**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
**নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক**
**নারায়ণগঞ্জ।**
**www.ncc.gov.bd**

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-নথি নংঃ ৪৬.১৬.৬৭০০.০০৪.০৬(২৪).১১৬.১৭-২৩/২৫৯ তারিখঃ ২৮/১২/২০২৩খ্রিঃ

**বিষয় ঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ৫০ (১) ধারা মোতাবেক গঠিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্থায়ী কমিটির সভা **অনিবার্য কারনবসত আগামী ২১/১২/২০২৩ইং তারিখের পরির্বতে আগামী ২৮/১২/২০২৩ইং তারিখ রোজ বৃহস্পতিবার** সকাল-১১:০০ ঘটিকায় সম্মানিত কাউন্সিলর জনাব অহিদুল ইসলাম এর সভাপতিত্বে নগর ভবনের ৬ষ্ঠ তলার স্বাস্থ্য বিভাগের সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় স্বাস্থ্যবিধি মেনে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ-

১। জন্ম ও মৃত্যু নিবন্ধনের মাসিক ও ত্রৈমাসিক রিপোর্ট প্রদান সম্পর্কিত আলোচনা।
২। জন্ম ও মৃত্যু নিবন্ধনের ফি আদায় সম্পর্কিত আলোচনা।
৩। জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ যথাযথভাবে অনুসরন পূর্বক নিবন্ধন সম্পাদন সম্পর্কিত আলোচনা।
৪। বিবিধ।

**(ডাঃ শেখ মোস্তফা আলী)**
**সদস্য সচিব**
**জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত**
**স্থায়ী কমিটি ও মেডিকেল অফিসার**
**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
e-mail: dr.mostofaali81@gmail.com

..............................
..............................
....................

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ-

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। পি, এ, টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।(মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। অফিস কপি।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

তারিখঃ ২৮/১২/২০২৩ইং

# জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্থায়ী কমিটির মাসিক সমন্বয় সভায় উপস্থিতিঃ-

| ক্রমিক নং | নাম | পদবি | হোয়াটসআপ/মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | মো: খিজিরুল ইসলাম | কাউন্সিলর ১১ | ০১৭১১১৬৩৪৬৮ | [signature] ২৮/১২/২৩ |
| | মনোয়ারা বেগম | কাউন্সিলর ৪/৫/৬ | ০১৯১৭০৮২৫৫২ | [signature] ২৮.১২.২০২৩ |
| | মো: শাহীন মিয়া | কাউন্সিলর ২২ | 01726087128 | [signature] 28/12/23 |
| | ডা: [illegible] | এম ও / এম ও [illegible] | 01673986247 | [signature] ২৮/১২/২৩ |
| | [illegible] বেগম | [illegible] / [illegible] | 01676836468 | [signature] 28/12/2023 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী

সভাপতি ঃ কাউন্সিলর জনাব অহিদুল ইসলাম
জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার তারিখ ঃ ২৮/১২/২০২৩ ইং
সময় ঃ দুপুর- ১২:০০ ঘটিকা
সভার স্থান ঃ নগর ভবনের ৬ষ্ঠ তলার স্বাস্থ্য বিভাগের সভা কক্ষে।

সভার উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' তে সংযুক্ত।

আলোচ্য সূচী-১। জন্ম-মৃত্যু নিবন্ধনের মাসিক ও ত্রৈমাসিক রিপোর্ট প্রদান সম্পর্কিত আলোচনা।
আলোচ্য সূচিতে বর্নিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় উল্লেখ করা হয় যে, জন্ম-মৃত্যু নিবন্ধক কার্যালয়ের সচিবগন মাসিক ও ত্রৈমাসিক রিপোর্ট প্রদানে অনিয়ম করে আসছে। যে কারনে সম্বন্বিত রিপোর্ট তৈরীতে সমস্যা হয়।

সিদ্ধান্ত ঃ প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে জন্ম-মৃত্যু নিবন্ধনের অনলাইন রিপের্টি নগরভবন কার্যালয়ে দাখিল করতে হবে।

আলোচ্য সূচী-২। অনলাইনে জন্ম-মৃত্যু নিবন্ধনের ফি আদায় বিষয়ে আলোচনা।
আলোচনা ঃ অনলাইনে জন্ম-মৃত্যু নিবন্ধনের ফি আদায় বিষয়ে আলোচনায় জানা যায় য়ে, অনলাইনে জন্ম-মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে অনলাইনে ফি আদায় করা যাচ্ছে না। যার কারনে জন্ম-মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে ফলে জনগন ঠিক সময়ে সনদ নিতে পারেছে না। তাছাড়া ওটিপিতে অনেক সময়েই কাজ করা যায় না।

সিদ্ধান্তঃ অনলাইনে ফি আদায় করা না গেলে ম্যানুয়েল পদ্বতিতে হিসাব শাখা থেকে বিবিধ রশিদের মাধ্যমে ফি আদায় করে হিসাব শাখায় জমা চলমান রাখতে হবে। ফি আদায় ও ওটিপি জটিলতা বিষয়ে রেজিষ্টার জেনারেল কার্যালয়ে পত্র প্রেরন করা যেতে পারে।

আলোচ্য সূচি-৩। জন্ম-মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ যথাযথ অনুসরন পূর্বক নিবন্ধন সম্পাদন সম্পর্কিত আলোচনা।
আলোচনা ঃ এ বিষয়ে আলোচনায় মেডিকেল অফিসার ডাঃ শেখ মোস্তফা আলী জানান যে, অনেক নিবন্ধকগন বিধিমালা অনুসরন না করেই জন্ম-মৃত্যু নিবন্ধন করে আসছেন যা মোটেও কাম্য নয়। এ বিষয়ে পূর্বে বহুবার সতর্ক করা হয়েছে। এ বিষয়ে কাউন্সিলর ও সচিব প্রশিক্ষনের বিষয়ে প্রস্তাব করা হয়।

সিদ্ধান্ত ঃ অনলাইনে জন্ম-মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে অবশ্যই । জন্ম-মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ যথাযথ অনুসরন পূর্বক নিবন্ধন সম্পাদন করতে হবে নতুবা নিবন্ধক দায়ী থাকবেন এবং তাকে জবাবদিহি করতে হবে। প্রশিক্ষনের বিষয়ে রিজিষ্টার জেনারেল কার্যালয়ে পত্র প্রেরন করা যেতে পারে।

আলোচ্য সূচি-বিবিধ।
আলোচনা ঃ অনলাইনে জন্ম-মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে কালার প্রিন্টার, কাগজ, টোনার, ল্যাপটপ ইত্যাদি সরবরাহের বিষয়ে সবিস্তারে আলোচনা করা হয়। এ বিষয়ে মেডিকেল অফিসার ডাঃ শেখ মোস্তফা আলী জানান যে ইতোমধ্যে চাহিদা মোতাবেক বাজেট প্রনয়ন পূর্বক স্থানীয় সরকার মন্ত্রনালয়ে পাঠানো হয়েছে কিন্তু অদ্যাবদি এ বিষয়ে কোন সিদ্ধান্ত আসে নাই। তবে চাহিদা মোতাবেক কাগজ, টোনার, রেজিষ্টার

অঃ পৃঃ দ্রঃ

সিটি কর্পোরেশন তহবিল থেকে সরবরাহ করা হচ্ছে । স্থায়ী কমিটিতে সকল নিবন্ধকদের কো-অপ্ট করার প্রস্তাব করা হয়।

সিদ্ধান্ত ঃ প্রেরনকৃত বাজেটের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।। স্থায়ী কমিটিতে সকল নিবন্ধকদের কো-অপ্ট করার প্রস্তাবের বিষয়টি পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা যেতে পারে।

সভায় আর কোন আলোচসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে আরও দায়িত্বশীল হওয়ার আহবান ও সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি করেন।

(অহিদুল ইসলাম)
সভাপতি
জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত
স্থায়ী কমিটি ও কাউন্সিলর
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
তারিখঃ /০১/২০২৪খ্রিঃ

স্মারক নং-নথি নংঃ ৪৬.১৬.৬৭০০.০১৭.০৫৮(কমি).৬৮.২৪/

অনুলিপিঃ
০১।প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
০২। ডাঃ শেখ মোস্তফা আলী,মেডিকেল অফিসার, এনসিসি।
০৩। ------------------------------ কাউন্সিলরও সদস্য, **জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্থায়ী কমিটি , নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**।
০৪। পি,এস টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। অফিস কপি।